



১০ টি নিরাপত্তা বিধান



প্রত্যেক শ্রমিককে অবশ্যই জানতে হবে



আপনার ও আপনার পরিবারের জন্য সুস্থতার বিকল্প নেই

আপনার অসুস্থতা বা অক্ষমতা আপনার পরিবারের জন্য হতে পারে মারাত্মক আর্থিক ও মানসিক ঝুঁকির কারণ।

কারখানা কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত ও বিশুদ্ধ খাবার পানি পান করুন

পানিবাহিত রোগে আক্রান্ত হবার ঝুঁকি এড়াতে বিশুদ্ধ পানি পান করুন। বোতল বা টেপকল থেকে পানি পান করবেন না। এতে রাসায়নিক বিষক্রিয়ার ঝুঁকি থাকতে পারে।




বিশুদ্ধ খাবার পানি ✓

৮

ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদি পরিধান করুন এবং মেশিনে গার্ড ব্যবহার করুন

মালিক বা কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদি ব্যবহার করুন। দুর্ঘটনা রোধে মেশিনে সংযোজিত গার্ড খুলবেন না।



৯


আপনি গর্ভবতী শ্রমিক হলে প্রসূতি কল্যাণ সুবিধা নিন

আপনি গর্ভবতী হলে মালিক/কর্তৃপক্ষকে কমপক্ষে প্রসবের ১০ সপ্তাহ পূর্বে জানান। গর্ভকালীন সময় ঝুঁকিপূর্ণ কাজ শারীরিক ও মানসিক স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। দীর্ঘ সময় দাঁড়িয়ে ভারী কাজ করলে শারীরিক ক্ষতির কারণ হতে পারে।

১০

রাস্তা পারাপার ও যানবাহন থেকে উঠানামায় সতর্ক থাকুন

রাস্তা পারাপার ও যানবাহন থেকে উঠানামায় অসতর্কতার ফলে মারাত্মক দুর্ঘটনা এমনকি মৃত্যুও হতে পারে।



এই প্রকাশনাটি কানাডা, নেদারল্যান্ডস ও যুক্তরাজ্যের অর্থায়নে পরিচালিত আন্তর্জাতিক শ্রম সংস্থা (আই, এল, ও)-র 'তৈরী পোষাক শিল্পে কর্ম-পরিবেশ উন্নয়ন কর্মসূচী' কর্তৃক প্রকাশিত

Canada



Kingdom of the Netherlands



২

রাসায়নিক দ্রব্য নিয়ে কাজের সময় উপযুক্ত পিপিই ব্যবহার ও বাতাস চলাচলের ব্যবস্থা নিশ্চিত করুন


রাসায়নিক দ্রব্য নিয়ে কাজের সময় কক্ষে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা সম্পর্কে নিশ্চিত হোন। পর্যাপ্ত বায়ু প্রবাহ ফুসফুসকে ক্ষতিকর রাসায়নিক উপাদান থেকে রক্ষা করে।



৩

রাসায়নিক দ্রব্যের বিপদসমূহ জানুন

কারখানায় ব্যবহৃত রাসায়নিক পদার্থ মানব দেহের জন্য ক্ষতিকর। বিপজ্জনক রাসায়নিক দ্রব্য ব্যবহারের ক্ষেত্রে নির্দেশনা অনুযায়ী যথাযথ সতর্কতা অবলম্বন করুন।



৪


জরুরি বহির্গমন পথ সম্পর্কে জানুন

জরুরি অবস্থায় করণীয় এবং বহির্গমন পথ কোথায় আছে তা জানুন। জরুরি অবস্থায় বহির্গমনের পথ সকল প্রকার প্রতিবন্ধকতামুক্ত রাখুন। দুর্ঘটনাকালীন জরুরী অবস্থা মোকাবেলায় শ্রমিকদের নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করুন।

৫

জরুরি বহির্গমন পথ খোলা রাখুন

জরুরি অবস্থায় বহির্গমনের পথ সকল প্রকার প্রতিবন্ধকতামুক্ত রাখুন।



৬

অতিরিক্ত ভার উত্তোলনে সতর্ক থাকুন

অতিরিক্ত ভার উত্তোলনে পেশাগত শারীরিক সমস্যা হতে পারে। অতিরিক্ত ভার উত্তোলনের প্রয়োজন হলে যান্ত্রিক বা সহকর্মীর সাহায্য চান।

৭

কোন ঝুঁকি চিহ্নিত করলে আপনার উর্ধ্বতন কর্মকর্তাকে জানান

কোন ঝুঁকি নজরে আসলে আপনার উর্ধ্বতন কর্মকর্তা বা সেইফটি কমিটিকে জানান। (যেমন: জরুরি বহির্গমন পথ বন্ধ, মেশিন গার্ড নেই, খোলা বৈদ্যুতিক তার)

